

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০৬০০.০১৭.২৭.০০১.১৭. ৬০৪

তারিখ : ৩০ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ।
১৩ এপ্রিল, ২০১৭ খ্রিঃ।

অফিস আদেশ

যেহেতু, বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলার নিয়ামতি ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান (২নং ওয়ার্ডের সদস্য) জনাব আলমগীর হোসেন মৃধা এর বিরুদ্ধে উত্থাপিত ভিজিডি কার্ডধারীদের প্রাপ্য চাল সঠিকভাবে স্ব স্ব প্রাপ্যতা অনুসারে বিতরণ না করা, ভিজিডি কার্ডধারীদের প্রাপ্যতার চেয়ে কম চাল বিতরণ করা, জেলেদের তালিকা প্রস্তুত না করা এবং জেলেদের ভিজিএফ (মৎস্য) চাল বিতরণ না করে চাল আত্মসাৎসহ দুর্নীতি ও কর্তব্যে অবহেলার অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু, জেলা প্রশাসক, বরিশাল কার্যালয়ের তদন্তে উল্লিখিত ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান (২নং ওয়ার্ডের সদস্য) জনাব আলমগীর হোসেন মৃধা এর বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উক্ত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

৯৫৮৬৬০৫
Email : lgu1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০৩৬.২০১৪. ৬০৪

তারিখ : ৩০ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ।
১৩ এপ্রিল, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, বরিশাল।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব আলমগীর হোসেন মৃধা (সাময়িক বরখাস্তকৃত), ভারপ্রাপ্ত চেয়ারম্যান (২নং ওয়ার্ডের সদস্য), নিয়ামতি ইউনিয়ন পরিষদ, বাকেরগঞ্জ, বরিশাল।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব